**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-৪ অধিশাখা**
**শের-ই-বাংলা নগর, ঢাকা**

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৩ ডিসেম্বর ২০১৫ তারিখ বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে **Southwest Area Integrated Water Resources Planning and Management Project- Additional financing**-শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ৪৫.০০ মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের এডিএফ ঋণ এবং ৭.০০ মিলিয়ন মার্কিন ডলারের অনুদানচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন, সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং এডিবির পক্ষে Mr. Kazuhiko Higuchi, Country Director, বাংলাদেশ আবাসিক মিশন উক্ত ঋণ এবং অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকার ও এডিবি'র সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

**Southwest Area Integrated Water Resources Planning and Management Project-Additional financing**-শীর্ষক প্রকল্পটি সাত বছর মেয়াদে (২০১৫-২০২২) বাস্তবায়িত হবে এবং প্রাক্কলিত ব্যয় সর্বমোট ৬৩.৭ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে এডিবি প্রদেয় এডিএফ ঋণের পরিমাণ ৪৫.০০ (পঁয়তাল্লিশ) মিলিয়ন মার্কিন ডলার, নেদাল্যান্ডস সরকারের অনুদান ৭.০০ মিলিয়ন মার্কিন ডলার এবং অবশিষ্ট ১১.৭ মিলিয়ন মার্কিন ডলার বাংলাদেশ সরকারকে যোগান দিতে হবে । এডিবি প্রদেয় এডিএফ ঋণ ০৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য এবং সুদের হার ২%।

পানি সম্পদ মন্ত্রণালয় এ প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালন করবে। এ প্রকল্পটির উদ্দেশ্য হলো মূলতঃ (ক) প্রকল্প এলাকায় বন্যা নিয়ন্ত্রণ এবং পানি নিষ্কাষণ/সেচ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি সাধন ও দারিদ্র হ্রাস করে গ্রামীণ জনসাধারণের জীবনমানের উন্নয়ন ঘটানো। প্রকল্পটির আওতায় বাস্তবায়িতব্য উল্লেখযোগ্য কার্যক্রম হলো-

(ক) সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কার্যক্রম প্রবর্তনের জন্য সুবিধাভোগীদের সংগঠিত করে নিবন্ধন ও ব্যাপক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি নিশ্চিত করা;

(খ) অংশীদারিত্বমূলক (Participatory) এবং সমন্বিত (integrated) পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা কার্যক্রম প্রবর্তন করা;

(গ) বাঁধ, সেচ, নিষ্কাশন খাল ও রেগুলেটরসহ প্রকল্পের অন্যান্য অবকাঠামো মেরামত, পূনর্বাসন ও নির্মাণ করা;

(ঘ) পানি সম্পদ ব্যবস্থাপনা কার্যক্রমে সুবিধাভোগীদের অংশগ্রহণ ও উন্নত সেবা বিকেন্দ্রীকরণের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ও সুযোগ সুবিধা বৃদ্ধি করা; এবং

(ঙ) অংশীদারিত্বমূলক টেকসই সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করা ।

১৯৭৩ সালে বাংলাদেশ সদস্য হওয়ার পর থেকেই এডিবি অন্যতম উন্নয়ন সহযোগী হিসেবে বাংলাদেশকে ঋণ ও নুদান সহায়তা প্রদান করে আসছে । এ পর্যন্ত বাংলাদেশকে প্রদত্ত এডিবি'র ঋণ সহায়তার পরিমাণ ১৫.৫ বিলিয়ন মার্কিন ডলারের অধিক। এডিবি মুলতঃ বাংলাদেশে বিদ্যুৎ, জ্বালানি, স্থানীয় সরকার, পরিবহণ, শিক্ষা, কৃষি, পানিসম্পদ, সুশাসন, স্বাস্থ্য ও আর্থিক খাতে ঋণ সহায়তা প্রদান করে থাকে।

১৩.১২.২০১৫

(মোহাঃ অলিউল্লাহ মিয়া)
উপ-সচিব

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য